বিনিয়োগ কৌশলের আদর্শ পত্রিকা

# সিন্ধুক দর্শন

০২ । এপ্রিল সংখ্যা।২০২৩। ₹৫:০০
www.sindhuk.com

## টাকা দিয়েই সুখ কেনা যায়!



### খাতায়-কলমে প্রমাণ দিল নোবেলজয়ী অর্থনীতিবিদের গবেষণা

# টাকা দিয়েই সুখ কেনা যায়! খাতায়-কলমে প্রমাণ দিল নোবেলজয়ী অর্থনীতিবিদের গবেষণা

- টাকা দিয়ে কী সুখ কেনা যায়?
- যুগ যুগ ধরে চলে আসা এই সামান্য প্রশ্নের রয়েছে নানা মুনির নানা মত।
- সাম্প্রতিক একটি গবেষণায় সেই ধন্দের কিছুটা হলেও অবসান হয়েছে।

টাকা দিয়ে কী সুখ কেনা যায়? যুগ যুগ ধরে চলে আসা এই সামান্য প্রশ্নের রয়েছে নানা মুনির নানা মত। কারোর মতে, জীবনের সুখ-শান্তির জন্য অর্থের প্রয়োজন নেই। আবার কেউ মনে করে, টাকা থাকলেই জীবনে সুখ আসতে পারে। তবে সত্যিই টাকা দিয়ে সুখ কেনা যায় কিনা সেই নিয়ে আজও তর্ক অব্যাহত। কিন্তু সাম্প্রতিক একটি গবেষণায় সেই ধন্দের কিছুটা হলেও অবসান হয়েছে। কীভাবে? জানা যাক।

সম্প্রতি একটি গবেষণা প্রমাণ করে দিয়েছে যে টাকাই সুখের আসল চাবিকাঠি। এককথায় সুখ কিনতে জীবনে টাকা লাগেই। এমনই তথ্য দিয়েছেন নোবেলজয়ী অর্থনীতিবিদ ড্যানিয়েল কাহনেম্যান। প্রবাদপ্রতিম অর্থনীতিবিদ এই বিষয়ে একটি গবেষণা পত্রও প্রকাশ করেছেন। আর সেই গবেষণার মূল তত্ত্ব হল শুধু টাকাই পারে মানুষের জীবনে প্রকৃত সুখ আনতে।

2010 সালে ড্যানিয়েল কাহনেম্যান সুখের জন্য অর্থ কতটা নির্ভর করে তা নিয়ে একটি সমীক্ষা করেছিলেন। যার ফলাফলেই ছিল চমকে দেওয়ার মতো তথ্য। সমীক্ষায় দেখা গিয়েছে, কোনও মানুষের কাছে 75 হাজার ডলার অর্থাৎ 62 লাখ টাকা থাকলেই তিনি সবচেয়ে বেশি সুখী হন। তবে আয় বাড়লেও আনন্দ বাড়বে না। কিন্তু নতুন গবেষণায় উঠে এসেছে এক অন্য তথ্য। যেখানে বলা হয়েছে, আয় যত বেশি আনন্দের মাত্রাও তত বেশি হবে।

2010 সালের সেই গবেষণার ফল এতটাই জনপ্রিয় হয়েছিল যে সংশ্লিষ্ট পরীক্ষার ফল দেখে একটি ক্রেডিট কার্ড বিক্রেতা সংস্থা তাদের কর্মীদের মাইনে বাড়িয়েও দিয়েছিল। সেই কোম্পানি কর্মচারীদের ন্যূনতম বেতন 62 লাখ টাকা করেছিল। এমনকী এর জন্য নিজেদের বেতনও কমিয়ে ফেলেন ঊর্ধ্বতনদের কয়েক জন। এখন এই নতুন গবেষণাটি চলতি মাসে ন্যাশনাল অ্যাকাডেমি অব সায়েন্সেসের কার্যপ্রণালীতে প্রকাশিত হয়েছে।

অন্যদিকে, সম্প্রতি গবেষণায় কাহনেম্যান ব্যাখ্যা করেন, সুখের অনেক নির্ধারক রয়েছে। তার মধ্যে একটি হল অর্থ। আর সেই অর্থই সুখের একমাত্র গোপন চাবিকাঠি। যা মানুষের জীবনে সুখ বাড়াতে অনেকটাই সাহায্য করে।

সংশ্লিষ্ট বিষয় নিয়ে আমেরিকায় 18 থেকে 65 বছর বয়সী কয়েক হাজার মানুষের মতামত নেওয়া হয়েছিল। আর সেখান থেকেই এই তথ্য উঠে এসেছে যে সুখের সঙ্গে অর্থ অঙ্গাঙ্গিকভাবে জড়িত। অর্থাৎ জীবনে অর্থ থাকলেই সুখী হওয়া যায়।

লেখকঃ বিশ্বজিৎ মালাকার , সিন্ধুকের পক্ষে ।

CALL US NOW

+91 9832773806 / 9986112003

LOGIN NOW

WWW.SINDHUK.COM